

কারিগরি শিক্ষা বোর্ড পাসের হার ৬১ দশমিক ৩৭

যাযাদি রিপোর্ট

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ডোকেশনাল) পরীক্ষার ফলাফল গতকাল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। পাসের হার ৬১ দশমিক ৩৭ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে মাত্র ২০ জন। এর মধ্যে ১২ জন ছাত্র এবং ৮ জন ছাত্রী। গতবারের তুলনায় এবার পাসের হার বেড়েছে। ২০০৫ সালে পাসের হার ছিল ৫১ দশমিক ৪৪ শতাংশ। কারিগরি বোর্ডের অধীনে এবারের পরীক্ষায় মোট ৪৮ হাজার ৩শ' ৯ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ২৯ হাজার ৬শ' ৪৬ জন বিভিন্ন ট্রেডে পাস করেছে। ২শ' ৭৯ জনকে পরীক্ষা থেকে বহিষ্কার করা হয়। পরীক্ষার্থীদের মধ্যে ৩৩ হাজার ৫শ' ৭৭ জন ছাত্র পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ২০ হাজার ৫শ' ৩০ জন পাস করেছে।

পাসের হার ৬১

(প্রথম পৃষ্ঠার পর)

দশমিক ১৪ শতাংশ। ১৪ হাজার ৭শ' ৩২ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। পাস করেছে হাজার ১শ' ১৬ জন। পাসের হার ৬১ দশমিক ৮৮ শতাংশ। ৫শ' ৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। মোট ১ হাজার ২শ' ২৬টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পরীক্ষার্থীরা অংশ নেয়। ৪২টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কোনো পরীক্ষার্থীই পাস করতে পারেনি। ৮শ' ১৭টি শিক্ষা প্রতিষ্ঠানের পাসের হার ৫০ থেকে ১শ' ভাগ। ৩২টি ট্রেডে পরীক্ষার্থীরা অংশ নেয় ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং ট্রেডে সবচেয়ে বেশি ৮০ দশমিক ৮৩ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে। সবচেয়ে কম পাস করেছে ইলেকট্রিক্যাল মেইনটেনেন্স ট্রেডে ৪ শতাংশ। বগুড়ার ফুলবাড়ি জি ইউ বহুমুখী উচ্চ বিদ্যালয়, রাজশাহীর কয়া মাজুমপু হাইস্কুল, ঢাকার ধানমণ্ডির আলী হোসাই উচ্চ বিদ্যালয় এবং চট্টগ্রামের আনোয়া গার্লস হাই স্কুল থেকে শত ভাগ পরীক্ষা পাস করেছে।